

# সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ২২৫৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০২৩]

১৩। योकां (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ২৫. আমানতদার কোষাধ্যক্ষ ও স্ত্রী লোকের সদাকায় সাওয়াব হওয়া সম্পর্কে, স্ত্রী স্বামীর প্রকাশ্য অনুমতি সাপেক্ষে অথবা প্রচলিত প্রথামত স্বামীর সম্পদ থেকে দান করলে সে তার সাওয়াব পাবে

باب أَجْرِ الْخَازِنِ الأَمِينِ وَالْمَرْأَةِ إِنَا تَصدَّقَتْ مِنْ بَيْتِ زَوْجِهَا غَيْرَ مُفْسِدَةٍ بإِذْنِهِ الصَّرِيحِ أَوِ الْعُرْفِيِّ

#### আরবী

#### বাংলা

২২৫৩-(৭৯/১০২৩) আবৃ বকর ইবনু আবৃ শায়বাহ, আবৃ আমির আল আশ'আরী, ইবনু নুমায়র, আবৃ কুরায়ব (রহঃ) ..... আবৃ মূসা (রাযিঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ যে মুসলিম আমানতদার কোষাধ্যক্ষ নির্দেশ মুতাবিক যথাযথভাবে হুকুম পালন করে বা দান করে এবং স্বতঃস্কূর্তভাবে প্রাপককে পূর্ণমাত্রায় দান করে, সেও জনৈক দাতা হিসেবে গণ্য, অর্থাৎ সেও মূল মালিকের সমপরিমাণ সাওয়াব লাভ করবে। (ইসলামিক ফাউন্ডেশন ২২৩২, ইসলামীক সেন্টার ২২৩৩)

### **English**

Abu Musa reported Allah's Apostle (ﷺ) as saying:

The honest Muslim trustee who spends (sometimes he said" who gives") what he is commanded to do and he gives that in full with his heart overflowing with cheerfulness and he gives it to one to whom he is ordered, he is one of the givers of charity.



## হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ মূসা আল- আশ'আরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন